

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)

স্মারক নং-এলজিইডি/সিই/জিআইএস/এম-০১/২০০৩/ ১৩৩

তারিখঃ ১০/০৬/২০১৫ ইং

## অফিস আদেশ


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র বিভিন্ন কাজে Geographical Information System (GIS) প্রযুক্তির ব্যবহার হয়ে আসছে। এ জন্য উপজেলা ওয়ারী প্রশাসনিক সীমানা, ভৌত অবকাঠামো, প্রাকৃতিক বৈশিষ্ট্য (নদী, জলাশয়, বন, পাহাড় ইত্যাদি), আর্থ সামাজিক অবকাঠামো বিষয়ক বিভিন্ন ভৌগলিক তথ্য এলজিইডি'র জিআইএস সেকশনে সংরক্ষণ করা হচ্ছে। এলজিইডি বিগত বিশ বছর ধরে ধাপে ধাপে এই মূল্যবান তথ্যভান্ডার প্রস্তুত করেছে এবং প্রতিনিয়ত তা সমৃদ্ধ করা হচ্ছে। এসব GIS তথ্য এলজিইডি ছাড়াও অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান ব্যবহার করে থাকে।

এলজিইডি'র বিভিন্ন প্রকল্পও তাদের কাজে ব্যবহারের জন্য মাঝে মাঝেই এসব ভৌগলিক তথ্যের সফটকপি নিয়ে থাকে। প্রকল্পসমূহ অনেক সময় পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে GIS বিষয়ক কিছু কাজ করে। দেখা গেছে যে, এই সুযোগে সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের কাজ শেষে নিজেদের অন্যান্য ব্যবসায়িক কাজে এসব তথ্য এলজিইডি'র অনুমতি ও Acknowledgement ব্যতিরেকেই ব্যবহার করে। এরূপ কর্মকান্ড সম্পূর্ণরূপে অবৈধ ও নৈতিকতা বিবর্জিত।

এ অবস্থায় এলজিইডি'র GIS তথ্য ব্যবহারের ক্ষেত্রে এখন হতে নিম্নরূপ নির্দেশাবলী অনুসরণ করতে হবেঃ

এলজিইডি'র কোন প্রকল্প বা ইউনিটের আওতায় ভৌগলিক তথ্যের সফটকপি ব্যবহারের প্রয়োজন হলে তা জিআইএস সেকশনের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে কোন পরামর্শক নিযুক্ত থাকলে তিনি জিআইএস সেকশনে বসে এলজিইডি'র তথ্যসমূহ ব্যবহার করে তার প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন করবেন। এক্ষেত্রে জিআইএস সেকশনের সফটওয়্যার এবং তথ্য ব্যবহারের সকল সুবিধা প্রদান করা হবে। তবে কোন অবস্থাতেই তিনি কোন তথ্য কপি করতে পারবেন না। জিআইএস সংক্রান্ত কাজের Output সমূহ জিআইএস সেকশনে সংরক্ষিত থাকবে। কোন পরামর্শককে আলাদাভাবে কোন GIS তথ্যের সফটকপি সরবরাহ করা হবে না।

এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।



(শ্যামা প্রসাদ অধিকারী)

প্রধান প্রকৌশলী

ফোন : ৯১২৪০২৭

ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক ----- (সকল), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।